

তারিখ ... 27 JUL 2009  
পৃষ্ঠা ... ৮১

বরিশাল বোর্ড

## বাবে যাচ্ছে শিক্ষার্থীরা

বরিশাল অফিস

গত চার বছরে বরিশাল বোর্ডে  
পাসের হার কয়ে বাড়তে থাকলেও  
সাত বছরে হারিয়ে গেছে  
অর্ধলক্ষাধিক শিক্ষার্থী। অন্যদিকে  
এসএসসি পাস করে ব্যাচের সঙ্গে  
পরে এইচএসসি পরীক্ষায় অংশ  
নিয়েছে প্রতিবছর অতিরিক্ত প্রায় ২  
থেকে ৮ হাজার নতুন শিক্ষার্থী।  
জানা যায়, বরিশাল শিক্ষা বোর্ডে  
প্রতিষ্ঠার পর ২০০১ থেকে ২০০৭  
সাল পর্যন্ত এ বোর্ডের অধীনে  
এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ১  
লাখ ৬৭ হাজার ৩৬০ শিক্ষার্থী।  
অন্যদিকে ২০০৩ থেকে ২০০৯ সাল  
পর্যন্ত পরীক্ষায় অংশ নেয়ে ১  
এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ে ১  
লাখ ৯৪ হাজার ১২৩ পরীক্ষার্থী।  
এদের মধ্যে পাস করে ৯৩ হাজার  
৩৩ জন। অর্থাৎ প্রতিবছর এসএসসি  
পরীক্ষায় পাস করাদের সংস্কে  
এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ে ১  
লাখ ৯৪ হাজার ১২৩ পরীক্ষার্থী।  
করেছিল আরো অতিরিক্ত প্রায় ২৭  
হাজার শিক্ষার্থী। ধারণা করা হয়,  
অনিয়মিত পরীক্ষার্থী ও বিভিন্ন  
এসএসসি সময়ের পরীক্ষায় পাস  
করে এরা পরে এইচএসসি পরীক্ষায়  
অংশগ্রহণ করে। অন্যদিকে  
এসএসসি ও এইচএসসি পরীক্ষার  
প্রিয় বছরগুলোর ফল মূল্যায়ন করে  
দেখা দেখা যায়, বাবে পড়া  
শিক্ষার্থীদের সংখ্যাও কম নয়। প্রায়  
১ লাখের কাছাকাছি হবে এদের  
সংখ্যা। এ বছর পরীক্ষায় অংশগ্রহণ  
করেছিল ২৯ হাজার ৭২০ জন। পাস  
করে ১৯ হাজার ৯৭২ জন। ফেল  
করা শিক্ষার্থী ৯ হাজার ৭৪৮ জন।

বোর্ডের ঘোষিত ফল সূত্রে জানা  
গেছে, ২০০১ সালে বরিশাল বোর্ডের  
অধীনে এসএসসি পরীক্ষায় পাস  
করেছিল ১৭ হাজার ৩৫২ জন। কিন্তু  
২০০১ সালে এইচএসসি পরীক্ষায়  
অংশগ্রহণ করে ২৫ হাজার ৯৩২  
জন। পাস করে ৫ হাজার ১৭২ জন।  
২০০২ সালে এসএসসি পরীক্ষায় পাস  
করে ২২ হাজার ৭০৫ জন। কিন্তু  
এইচএসসিতে ২০০৪ সালে অংশ  
নেয় ৩০ হাজার ৩২৪ জন। পাস  
করে ১১ হাজার ৪৪ জন। ২০০৩  
সালে ২০ হাজার ৭৯৭ জন এসএসসি  
পাস করলেও এইচএসসি পরীক্ষায়  
অংশগ্রহণ করে ২০০৫ সালে ২৭  
হাজার ৩৪৬ জন। পাস করে ১৭  
হাজার ৮৫ জন। এসএসসিতে ২০০৪  
সালে পাস করে ২৪ হাজার ৪৬৮  
জন। এইচএসসিতে অংশ নেয়  
২০০৬ সালে ২৫ হাজার ৩১৯ জন।  
পাস করেছিল ১৫ হাজার ৫৭২ জন।  
২০০৫ সালের এসএসসিতে পাস  
করেছিল ২২ হাজার ৭০৮ জন। কিন্তু  
এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা ছিল  
১০০৭ সালে ২৩ হাজার ৬৮৯ জন।  
পাস করেছিল ১৩ হাজার ১৭৮ জন।  
একইভাবে ২০০৬ সালের এসএসসি  
পরীক্ষা, দিয়ে পাস করেছিল ৩৩  
হাজার ৪১০ জন। অন্যদিকে ২০০৮  
সালের এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা  
ছিল ৩১ হাজার ৭৯৬ জন। পাস  
করেছিল ২০ হাজার ৭৫৮ জন।  
২০০৭ সালের এসএসসিতে ২৫  
হাজার ৯২০ জন পাস করলেও ২০০৯  
সালের এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা  
ছিল ২৯ হাজার ৭২০ জন। উত্তীর্ণ হয়  
১৯ হাজার ৯৭২ জন।